

Society, Literature and Culture  
Tradition and Modern Approaches  
Vol. 3

Edited by *Mondal, Mallik, Pramanik & Sinha Mallik*

Published by *Gouri Publishing House*  
44/1A Beniatola Lane, Kolkata-700009  
Phone : 98304 44918/28  
e-mail : [gouripublishinghouse@gmail.com](mailto:gouripublishinghouse@gmail.com)

ISBN : 978-93-87003-30-9

প্রথম প্রকাশ  
৭ মার্চ ২০২০

মূল্য : ৮০০ টাকা

10

## রামায়ণ মহাকাব্যের মানদণ্ডে প্রাচীন ভারতীয় সমাজে অসর্ব বিবাহের অনুসন্ধান ও পর্যালোচনা

### প্রশান্ত কুষ্টকার

ভারত এক বৈচিত্র্যময় দেশ। নানা ভাষা নানা জাতি নানা পরিধানের সমন্বয়ে গঠিত এই দেশের সমাজ বৈচিত্র্যে পরিপূর্ণ। বিচিত্র তার কৃষ্টি-কালচারও। ভারতে এই বিচিত্রতার কারণ নানা জাতি ও কৃষ্টির সমাবেশ। অতি প্রাচীন কালে সেই নিশ্চোবটু থেকে শুরু করে প্রোটো-অস্ট্রেলিয়েড, অস্ট্রিক, প্রাক-দ্বাবিড়, দ্বাবিড়, আর্য, ভোট্চীন বা মঙ্গোলীয় প্রভৃতি নানা জাতির মানুষ এসে মিশেছে ভারতীয় জনশ্রোতে। তার ফলে ভারতবর্ষে জাতি যেমন বিচিত্র তেমনি বিচিত্র তার ভাষা ও জীবন যাপনের পদ্ধতি। সুতরাং এহেন বৈচিত্র্যপূর্ণ দেশে বিবাহ-প্রথাও যে বৈচিত্র্যপূর্ণ হবে, তাতে আর আশ্চর্য কী।

বিবাহ হল সমাজে ভারসাম্য বজায় রাখার উদ্দেশ্যে আইন ও সমাজ স্বীকৃত একটি প্রতিষ্ঠান। ওয়েস্টার মার্কের (Wester Mark) মতে বিবাহ হল নারী-পুরুষের মধ্যে মোটামুটি একটি স্থায়ী সম্পর্ক যা সন্তান প্রজনন ও সন্তান জন্মগ্রহণ করার পরেও স্থায়ী হয়। তিনি আরও বলেন যে—

a relation of one or more men to one or more women which is recognised by custom or law and involves certain rights and duties both in the case of the parties entering in to the union and in the case of the children born of it.

অর্থাৎ বিবাহ হল এক বা একাধিক পরুষের সঙ্গে এক বা একাধিক নারীর প্রথা বা আইন কর্তৃক স্বীকৃত এমন একটি সম্পর্ক যা উভয়ত বিবাহিত ব্যক্তিবর্গ এবং বিবাহের ফলে জাত সন্তান-সন্ততির জন্য নির্দিষ্ট করকগুলি অধিকার ও কর্তব্যের সৃষ্টি করে।<sup>১</sup>

**বিবাহের প্রকারভেদ :** ভারতীয় সমাজ ব্যবস্থায় বিবাহের বিভিন্ন প্রকারভেদ লক্ষ করা যায়। যেমন—পতি-পত্নীর সংখ্যার অনুপাতে একগামিতা (Monogamy) ও বহুগামিতা (Polygamy); পাত্র-পাত্নীর গোষ্ঠীর নিরিখে গোষ্ঠী সাপেক্ষ (Endogamy) ও গোষ্ঠী বহির্ভূত বিবাহ (Exogamy); পাত্র-পাত্নী নির্বাচনের পদ্ধতি অনুসারে আয়োজিত বিবাহ (Arranged marriage) ও প্রেমজ বিবাহ (Love marriage); আবার পাত্র-পাত্নীর বর্ণ, জাত-কৌলীন্য প্রভৃতির ভিত্তিতে বিবাহ দুই প্রকারের—সর্ব ও অসর্ব বিবাহ। আমাদের আলোচ্য বিষয়টিও হল অসর্ব বিবাহ এবং রামায়ণ মহাকাব্যের মানদণ্ডে প্রাচীন ভারতীয় সমাজে তার গ্রহণ-যোগ্যতা।